

BENGALI MIDDAY NEWS
(1330 TO 1340 HRS)
04/01/2017

আকাশবাণী.

1. নির্বাচন কমিশন পাঁচটি রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণা করেছে।
2. পাঞ্জাব ও গোয়াতে ৪ঠা ফেব্রুয়ারী, উত্তরাখণ্ডে ১৫ই ফেব্রুয়ারী ভোটগ্রহণ করা হবে। উত্তরপ্রদেশে ৭ দফা এবং মনিপুরে ২ দফাই নির্বাচন অনুষ্ঠিত হবে। আগামী ১১ই মার্চ ভোটগণনা করা হবে।
3. বিচারপতি জগদীশ সিং খেহের ভারতের প্রধান বিচারপতি পদে শপথ গ্রহণ করেছেন।
4. কর্নাটকের মাইশুরু চিড়িয়াখানার পার্থীরালয়ে এভিয়ান ইনফ্লুয়েঞ্জার ভাইরাস পাওয়া গেছে।
5. **MK** স্থালিন ডিএমকের কার্যকরী সভাপতি মনোনীত হয়েছেন।
6. ফিলিপিন্সে জেল ভেঙ্গে ১৫০ জনেরও বেশী বন্দি পলাতক।

HP-COLD

হিমাচল প্রদেশের বেশীর ভাগ স্থানে প্রবল শৈত্যপ্রবাহ চলছে। পার্বত্য অঞ্চলের বেশীর ভাগ স্থানে তাপমাত্রা আরও নিম্নমুখী। বেশ কিছু স্থানে হালকা তুষারপাত হয়েছে। আবহাওয়া দপ্তর সূত্রে জানানো হয়েছে, আগামী ছদিনে মাঝারী এবং উঁচু অঞ্চলগুলিতে তুষারপাত অথবা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। নীচু অঞ্চলগুলিতে বজ্রবিদ্যুত সহ বৃষ্টিপাত হতে পারে বলে জানানো হয়েছে।

EU VEG

ইউরোপীয় ইউনিয়ন ভারত থেকে শাকসবজি আমদানীর উপর গত তিন বছর ধরে চলা নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নিয়েছে। কৃষি মন্ত্রকের একজন আধিকারিককে উদ্ধৃত করে কোচিন আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ **CIAL** এক বিবৃতিতে জানিয়েছে, এই বিষয়ে সরকার ইউরোপীয় ইউনিয়নের তরফে একটি বার্তা পেয়েছে। বার্তায় বলা হয়েছে, উচ্ছে, লাউ এবং বেগুনের মতো কয়েকটি সস্কীর উপর থেকে এই নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়েছে। উল্লেখ্য, ২০১৪ সালে ইউরোপীয় কমিশন এই নিষেধাজ্ঞা জারি করে। ফলে ভারতের কৃষক এবং রপ্তানীকারীদের বিপুল ক্ষতির মুখে পড়তে হয়।

MINE GOYAL

ঝাড়খন্ডের গোড্ডায় খনি দুর্ঘটনার প্রেক্ষিতে সরকার দেশের ৪১৮টি খনিতে সুরক্ষা ব্যবস্থা যাচাই করার নির্দেশ দিয়েছে। এই দুর্ঘটনাই ১৮ জন প্রাণ হারান। খনির আকার অনুযায়ী খনি সুরক্ষা বিষয়ক মহানির্দেশক জরুরীকালীন ভিত্তিতে এই ব্যবস্থা করবেন। গতকাল কলকাতায় CII এর জাতীয় পরিষদের বৈঠক শেষে কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী পীযুষ গোয়েল একথা জানিয়েছেন। শ্রী গোয়েল বলেন, সরকার সম্পূর্ণ খনি সুরক্ষা নিশ্চিত করার ব্যাপারে দ্রুতসংগ্ৰহ।

SYAIA WAR

উত্তর সিরিয়ায় বিমান হানার ঘটনায় একটি গোষ্ঠীর অন্তত ২৫ জন জঙ্গীপ্রাণ হারিয়েছেন। ব্রিটেন ভিত্তিক সিরিয় মানবাধিকার পর্যবেক্ষনাগার জানিয়েছে, নিহত জঙ্গীরা জাবাত ফতেহ-আল-সাম গোষ্ঠীর যা নুসরা ফ্রন্ট নামেও পরিচিত। তবে কারা এই বিমান হামলা চালিয়েছে তা এখনো জানা যায়নি। সিরিয়ার উত্তর-পূর্বের শহর ইদলিব প্রদেশে এই বিমান হামলা ঘটে।

DMK MEETING

ডিএমকে, দলীয় কোষাধ্যক্ষ M K স্থালিনকে তাদের নতুন কার্যকরী সভাপতি হিসাবে বেছে নিয়েছে। আজ সকালে চেন্নাইতে আয়োজিত এক বৈঠকে দলের সাধারণ কর্মসমিতি তাঁকে এই পদে বেছে নেয়। দলের নবতিপর সভাপতি M করুনানিধি অসুস্থ হয়ে পড়ায় এরমূল কারণ বলে জানা গেছে।

AMETHI

উত্তরপ্রদেশের আমেথির মাহোনা গ্রামে একটি পরিবারের ৬ শিশু সহ ১১ জন সদস্যকে কথিতভাবে হত্যা করে হয়েছে। নিহতদের ধারালো অস্ত্রের সাহায্যে খুন করা হয়েছে বলে খবর। তবে পরিবারের প্রধান জামালুদ্দিন নিজেই পরিবারের সদস্যদের হত্যা করে আত্মহত্যা করেছেন বলে গ্রামবাসীদের সন্দেহ।